যায়যায়দিন

তারিখ 15 MAY 2009
পৃষ্ঠা

# রাঙামাটিতে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হবে : শিক্ষামন্ত্রী

যাযাদি রিপোর্ট

নৈসর্গিক সৌন্দর্যমণ্ডিত পার্বত্য জেলা রাঙামাটিতে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে। প্রাকৃতিক দিক বিবেচনায় রেখে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠা করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবে আদিবাসীদের শিক্ষা-সমস্যা বিষয়ক জাতীয় পর্যায়ের মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

আদিবাসীদের পশ্চাৎপদ জনগোষ্ঠী উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, তাদের ভাষা, সংস্কৃতি এবং বিভিন্ন সমস্যা কাটিয়ে উঠতে সবাইকে শিক্ষিত করে তুলতে হবে। আদিবাসীদের বিভিন্ন সমস্যার সমাধান প্রসঙ্গে পার্বত্য শান্তিচুক্তি পুরোপুরি বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করেন মন্ত্রী। আদিবাসী ছেলেমেয়েরা যাতে প্রাথমিক পর্যায়ে তাদের মাতৃভাষায় শিক্ষা গ্রহণ করতে পারে এ ব্যাপারে সরকার ব্যবস্থা গ্রহণ করবে বলেও জানান তিনি।

সভায় অন্যদের মধ্যে চাকমা রাজা দেবাশীষ রায়, অধ্যাপক হারুন-অর-রশিদ, অধ্যাপক অজয় রায়, সঞ্জীব দ্রং প্রমুখ বক্তব্য রাখেন।

মতবিনিময় সভায় সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে অভিন্ন কোটা পদ্ধতি প্রচলন, আবাসন সমস্যা সমাধান এবং আদিবাসী শিক্ষার্থীদের সামাজিক-সাংস্কৃতিক উৎসবের দিনে পরীক্ষা না নেয়ার দাবি তোলা হয়।